

অবশেষে বিমানবন্দরে শুরু হচ্ছে র‍্যাপিড পিসিআর টেস্ট

- A Monitor Desk Report

Date: 16 September, 2021



শেষ পর্যন্ত আরব আমিরাত প্রবাসী বাংলাদেশের নাগরিকদের ভোগান্তি রোধে ঢাকা হযরত শাহজালাল বিমানবন্দরে করোনাভাইরাস পরীক্ষার জন্য র‍্যাপিড পিসিআর টেস্ট মেশিন স্থাপন করা হচ্ছে। প্রবাসীদের আন্দোলনের মুখে তড়িঘড়ি করে সাতটি বেসরকারি প্রতিষ্ঠানকে এ দায়িত্ব দেওয়া হয়েছে। আজ থেকে ছয় দিনের মধ্যে এসব মেশিন স্থাপন করা হবে। এসব সিদ্ধান্তের কথা জানিয়েছে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়।

যে সাতটি বেসরকারি প্রতিষ্ঠানকে এ দায়িত্ব দেওয়া হয়েছে সেগুলি হচ্ছে, স্টেমজ হেলথ কেয়ার বিডি, সি এস বি এফ হেলথ সেন্টার, এ এম জেড হাসপাতাল লিমিটেড, আনোয়ার হোসেন মডার্ন মেডিকেল কলেজ হাসপাতাল, জয়নুল হক সিকদার ওমেস মেডিকেল কলেজ হাসপাতাল লিমিটেড, গুলশান ক্লিনিক লিমিটেড এবং ডি এমএফ আর মলিকুলার ল্যাব এন্ড ডায়াগনস্টিক।

প্রধানমন্ত্রী কার্যালয়ের তাগাদার পরই বিমানবন্দরে আরটি-পিসিআর চালুর বিষয়ে স্বাস্থ্য অধিদফতরে কারিগরি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের সিদ্ধান্তের অনুলিপি স্বাস্থ্য মন্ত্রণালয় এবং প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। ল্যাব স্থাপনে আগ্রহী ২৩টি প্রতিষ্ঠানের প্রস্তাব যাচাই-বাছাই করে সাতটি প্রতিষ্ঠানকে কাজ দেওয়ার সুপারিশ করে স্বাস্থ্য অধিদপ্তর। এই সাতটি প্রতিষ্ঠান র‍্যাপিড পিসিআর স্থাপন করবে বিমানবন্দরে। আরব আমিরাত প্রবাসীরা ছাড়াও অন্য কোনো দেশের যাত্রীরা প্রয়োজন হলে এখানে টেস্ট করতে পারবেন।

উল্লেখ্য, আরব আমিরাতে বাংলাদেশের বিপুল পরিমাণ শ্রমিক কর্মরত রয়েছেন। করোনার কারণে আমিরাত তাদের জন্য নিয়ম করেছে দেশটিতে প্রবেশের জন্য ফ্লাইটে উঠার ছয় ঘন্টা আগে বিমানবন্দরে আরটি-পিসিআর টেস্ট করতে হবে।

কিন্তু বাংলাদেশের কোনো বিমানবন্দরে এ ধরনের সুবিধা ছিল না। এ কারণে আমিরাত প্রবাসী কর্মজীবীরা ভোগান্তিতে ছিলেন। অনেকে কর্মস্থলে সঠিক সময়ে যোগ দিতে না পেরে চাকরি হারান। আবার অনেকে নতুন করে ভিসা করতে গিয়ে জরিমানা দেন। এখন টেস্টের ব্যবস্থা হলে তারা আবার স্বাভাবিকভাবে কর্মস্থলে ফিরতে পারবেন।

